

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট
joypurhatsadar.joypurhat.gov.bd

স্মারক নম্বর:-০৫.৪৩.৩৮৪৭.০০০.০৩.০২৮.২০-৫৭৭


তারিখ:-১৭/০৬/২০২১ খ্রি.

বিষয় : মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশ গ্রহণ।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্প, তেজগাঁও, ঢাকা ১৩ জুন, ২০২১ তারিখের ০৩.০৩.০০০০.৭০১.২৩.১৫৮.
-১২৩৫ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষে “ বাংলাদেশের একজন মানুষও ভূমিহীন থাকবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এ ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমগ্র দেশে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রম আগামী ২০ জুন, ২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় গণভবন প্রান্তে সংযুক্ত থেকে শুভ উদ্বোধন করবেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার এবং জয়পুরহাট সদর উপজেলার ৩০ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে কবুলিয়ত দলিল, জমির খতিয়ান ও গৃহ প্রদানের সনদসহ ঘরের চাবি হস্তান্তর কার্যক্রম ২০/০৬/২০২১ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ টার সময় মোহাম্মদ মুজিবুর রহমান ঢালী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে জমিসহ গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মো: আরাফাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
ফোন নম্বরঃ ০৫৭১-৬২২৪১
unojoypurhat@mopa.gov.bd

প্রাপক,

.....
চেয়ারম্যান,
.....
সকল ইউনিট

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, জয়পুরহাট।